এই ঈদে মৌসুমী শাবনূর পপি পূর্ণিমার ছবি মুক্তি পাচ্ছে না

আহমাদ কামরুল মীজান

এবার ঈদুল আযহায় সবচেয়ে কমসংখ্যক ছবি মুক্তি পাচ্ছে। এখন পর্যন্ত এই মাত্র চার ছবি ঈদে মুক্তির ঘোষণা দিয়েছে। এই চার ছবির নায়িকাদের মধ্যে দুই ছবিতে অপু বিশ্বাস, এক ছবিতে লাক্স সুন্দরী মিম, আরো এক ছবিতে নায়িকা রয়েছেন রোমানা ও রেসী। অথচ এখনো ঢাকার চলচ্চিত্রে শীর্ষ নায়িকা হিসেবে মৌসুমী, শাবনূর, পপি, পূর্ণিমাকে গণ্য করা হয়। এই চার নায়িকার কোনো ছবিই এই ঈদে মুক্তি পাচ্ছে না। অথচ এক সময় ঈদ মানেই মৌসুমী, শাবনূর, পপি অথবা পূর্ণিমার ছবির আধিপত্য দেখা যেতো। এই চার নায়িকার কোনো ছবি সেন্সর না হওয়ায় ঈদে তাদের ছবি মুক্তি পাচ্ছে না।

এই ঈদেও চার ছবির মধ্যে তিন ছবির নায়কই শাকিব খান। এ ছাড়া অন্য যে ছবিটি রয়েছে সেই ছবির নায়ক ডিপজল। এবার মূলত ডিপজলের সঙ্গেই প্রতিযোগিতায় নামছে শাকিব খান। গত ঈদে ৬ ছবির মধ্যে ৫ ছবির নায়ক ছিলেন শাকিব খান। এরমধ্যে একটি ছবি ছিল ডিপজলের। সেই ছবির নাম মায়ের হাতে বেহেস্তের চাবি। সিনেমাহল মালিকদের রেটিং-এ দেখা গেছে গত ঈদে এক নম্বর ব্যবসা সফল ছবি মায়ের হাতে বেহেস্তের চাবি। অনেকেই বলেছেন ছবিটি হিট হয়েছে ডিপজলের জন্য। যদিও এই ছবিতে রোমান্টিক নায়ক হিসেবে শাকিব খান অভিনয় করেছিলেন। মায়ের হাতে বেহেস্তের চাবি হিট হওয়ায় সিনেমাহল মালিকদের প্রশংসা পেয়েছেন ছবির মূল চরিত্রে অভিনয়কারী ডিপজল। শাকিব খানের অন্য ছবিগুলোর মধ্যে জান আমার জান ব্যবসায়িক সাফল্য

পেয়েছে। অন্যগুলো আশানুরূপ ব্যবসা না করায় হতাশ হয়েছেন প্রযোজকরা। এবার যে তিন ছবি মুক্তি পাচ্ছে তারা বলছেন, শাকিব খানের কম ছবি মুক্তি পাওয়ায় তিন ছবিই ভালো ব্যবসা করবে। অন্যদিকে ডিপজলের কাজের মানুষ ছবি নিয়েও সিনেমাহল মালিকদের ব্যাপক আগ্রহ লক্ষ্য করা যাচ্ছে।

এবার ঈদে অন্য নায়ক রিয়াজ, ফেরদৌস বা আমিন খানের কোনো ছবি বড় পর্দায় মুক্তি না পেলেও ছোট পর্দায় এদের দেখা যেতে পারে। ছোট পর্দায় মৌসুমী, শাবনূর, পপি, পূর্ণিমার ছবিও দেখা যাবে।

আসছে না বালাম-আসিফের ঈদের একক

স্টাফ রিপোর্টার ঃ এমনিতেই এবার ঈদের অডিও বাজার সবচেয়ে মন্দা নতুন আইটেম মুক্তির সেই ঈদী জোয়ার নেই। নির্ভরযোগ্য কোন শিল্পীরই নতুন অডিও আসছে না। যে কয়েকটি মুক্তি পাবে বলে প্রস্তুতি নেয়া হচ্ছিল তাও এখন স্থগিত করা হয়েছে। সংগীতার ব্যানারে বালাম ৩ মুক্তির কথা থাকলেও তা এখন মুক্তি পাচ্ছে না। সংগীতা জানায় বালাম হঠাৎ অসুস্থ হয়ে পড়ায় তার অ্যালবামের কাজ সম্পন্ন হচ্ছে না। অন্যদিকে ক্যারিয়ারের ১০ বছরের মধ্যে এবারই প্রথম কোন ঈদে আসিফের একক অ্যালবাম মুক্তি পাচ্ছে না। এখানেও আসিফ শেষ মুহূর্তে অসুস্থতার কথাই ব্যক্ত করেছেন বিভিন্ন সূত্রে। তবে মুহিনের সঙ্গে একটি যৌথ অ্যালবাম আসছে তার বসুধা-আর্ব থেকে। ঈদে একক অ্যালবাম প্রকাশের ধারাবাহিকতায় শুধু মনির খানের নতুন একক আসছে বিউটি কর্নার থেকে। অ্যালবাম না আসার পেছনে শিল্পীদের অসুস্থতার কথা বলা হলেও মূলত অডিও বাজার এখন এতটাই খারাপ যে অর্থলগ্নী করে নতুন অ্যালবাম ছাড়া হলে ব্যবসায়ীদের জন্য তা হবে আরও ক্ষতিকর।

আজ নাটক মানুষটি অন্য রকম ছিল

স্টাফ রিপোর্টার ঃ আজ রাত ৯টায় এনটিভিতে প্রচার হবে একক নাটক 'মানুষটি অন্যরকম ছিল'। আলভী আহমেদের চিত্রনাট্য ও পরিচালনায় নাটকটিতে অভিনয় করেছেন সুমাইয়া শিমু, জয়, তারিক আনাম খান

প্রমুখ। এর গল্পে দেখা যাবে, সুমন খুব সাধারণ একটি ছেলে। বোকাসোকা গোবেচারা। তার চলাফেরা, স্বপ্ন সবকিছুই সাধারণ। একটি মাল্টি ন্যাশনাল কোম্পানিতে চাকরি করে। অফিসের সবার কাছেই সে হাসির পাত্র। তার সাথে কেউ ঠিকমত কথা বলে না। কথা বললেও খোঁচা দিয়ে কথা বলে, যা তাকে আঘাত করে। বোকাসোকা হওয়ায় অফিসের সবাই তাকে দিয়ে অতিরিক্ত পরিশ্রম করায়। তার ইমিডিয়েট বস রাশেদ তাকে ছুটির পরেও একগাদা ফাইল দিয়ে বসিয়ে দেয়। কষ্ট হলেও সে সব মেনে নিয়ে কাজ করে। অফিসে মালিহা নামে এক মেয়ে ক্রিয়েটিভ ডিরেক্টর। সুমন তাকে খুব পছন্দ করে। তার সাথে একটু কথাবলার আশায় ঘুর ঘুর করে মালিহার আশপাশে। কিন্তু, মালিহা পাত্তা দেয় না। সত্যি কথা বলতে কী, ঘরে এবং ঘরের বাইরে কেউই সুমনকে পাত্তা দেয় না।

ঢাকায় ৩ দিনব্যাপী ফার্স্ট অ্যারাবিয়ান কালচারাল ফেস্টিভ্যাল

বিনোদন ডেস্ক ঃ অরেন্ডা কমিউনিকেশন ও নবনৃত্যের আয়োজনে ২৩ নভেম্বর থেকে ঢাকায় শুরু হচ্ছে তিন দিনব্যাপী ফার্স্ট অ্যারাবিয়ান কালচারাল ফেস্টিভ্যাল ২০০৯। ঢাকাস্থ অ্যারাবিয়ান দেশসমূহের দূতাবাসের সহযোগিতায় শাহাবাগস্থ পাবলিক লাইব্রেরীর শওকত ওসমান মিলনায়তনে অনুষ্ঠিতব্য এ উৎসবে প্রতিদিন অ্যারাবিয়ান নাচ ও গানের সঙ্গে প্রদর্শিত হবে অ্যারাবিয়ান চলচ্চিত্র। উৎসব চলাকালীন প্রতিদিন সন্ধ্যায় অ্যারাবিয়ান সঙ্গীতের সঙ্গে নৃত্য পরিবেশন করবেন দেশের তারকা নৃত্য শিল্পীরা। উৎসবে প্রদর্শিত হবে চলচ্চিত্র দ্য কালার অব প্যারাডাইজ, চিলড্রেন অব হ্যাভেন, ক্লোজআপ, টেস্ট অব চেরি, বারান, আলী বাবা ফোর্টি থিপসহ দশটি চলচ্চিত্র ও অ্যারাবিয়ান প্রামাণ্যচিত্র। অ্যারাবিয়ান সুস্থ সংস্কৃতির সঙ্গে দেশের সংস্কৃতিমনা মানুষের সেতুবন্ধন তৈরির লক্ষ্যেই এ উৎসবের আয়োজন বলে জানিয়েছেন উৎসব উদযাপন কমিটির আহবায়ক ফারজানা খান ইলা। ২৩ নভেম্বর উৎসবের উদ্বোধন করবেন প্রধানমন্ত্রীর স্বাস্থ্য বিষয়ক উপদেষ্টা ডাঃ সৈয়দ মোদাচ্ছের আলী। এছাড়া বিশেষ অতিথি হিসেবে থাকবেন সিলেট সিটি কর্পোরেশনের মেয়র বদর উদ্দিন আহমদ কামরান ও বেসামরিক বিমান ও পর্যটন সচিব শফিক আলম মেহেদী। অ্যারাবিয়ান কালচারাল ফেস্টিভ্যাল ২০০৯ পৃষ্ঠ-পোষকতায় রয়েছে বেস্টওয়ে গ্রুপ, স্বদেশ প্রপার্টিজ, মিলার এয়ারকন্ডিশনার, আইসিএল গ্রুপ, ফাউন্ডার ল্যাপটপ ও ডিজিটাল মোবাইল। এছাড়া উৎসবের মিডিয়া পার্টনার থাকছে জিও নিউজ ও রেডিও ফূর্তি। উৎসব চলবে ২৫ নভেম্বর পর্যন্ত প্রতিদিন বিকাল ৩টা থেকে রাত ৯টা পর্যন্ত। দর্শনার্থীদের জন্য টিকিটের মূল্য নির্ধারণ করা হয়েছে ১০ টাকা (ছাত্র) ও ২০ টাকা। উৎসব উদযাপন কমিটির প্রধান সমন্বয়কারী শফিউল্লাহ সুমন জানান, অপসংস্কৃতির আগ্রাসন থেকে দেশীয় সংস্কৃতি রক্ষা ও বিদেশী সুস্থ সংস্কৃতি বিকাশের লক্ষ্যে অরেন্ডা কমিউনিকেশন কাজ করে যাচ্ছে। দর্শনার্থীদের আকৃষ্ট করতে এবারের উৎসবেও বেশ কিছু নতুন চমক থাকবে।

ইমনের নতুন ছবি

স্টাফ রিপোর্টার ঃ নতুন নায়ক ইমন নতুন এক ছবি সাইন করলেন। নাজিম উদ্দিন চেয়ারম্যান প্রযোজিত এই ছবির নাম তুমি সুন্দর তাই চেয়ে থাকি। সম্প্রতি বসুন্ধরায় প্রযোজকের বাসায় এক ঘরোয়া অনুষ্ঠানে ছবির মহরত করার পর ইমন এই প্রতিনিধিকে বলেন, মাঝে আমি একেবারে ভেঙে পড়েছিলাম। মনে মনে অনেক খারাপ কিছু ভেবেছি। আমাকে আমার কাছের লোকজনরা সাহস দিয়েছে। আমি আবার নতুন ছবি পাচ্ছি। ইমন বলেন, সামনে আমার অভিনীত পিরিতির আগুন জ্বলে দ্বিগুণ, যেমন জামাই তেমন বউ মুক্তি পাবে। এই দুই ছবি আমার ক্যারিয়ারকে চাঙা করবে বলে আমার বিশ্বাস। ইমন বলেন, এই দুটি ছবি ভালো ব্যবসা করবে এমন কথা অনেকেই বলছেন। আমার বিশ্বাস তেমনই। তুমি সুন্দর তাই চেয়ে থাকি ছবিতে ইমনের নায়িকা শাবনূর। ইমন জানালেন তার কাছে আরো নতুন ছবির অফার আসছে। এখন ছবির কাহিনী এবং পরিচালক দেখে সাইন করবো। ভালো ছবি করবো যাতে দর্শক আমাকে পছন্দ করে। আমি দর্শকের ভালবাসা চাই।

অভিষেকের ফিল্ম বাদ দিলেন ঐশ্বর্য

ফারহান আখতার আর রিতেশ সিদ্ধানীর যৌথ উদ্যোগে নির্মিতব্য ক্রুকেড-এর নির্মাণ শুরু হবে আগামী ১৪ জানুয়ারী থেকে। চলচ্চিত্রটির কেন্দ্রীয় পুরুষ চরিত্রে অভিনয় করবেন অভিষেক বচ্চন। কথা ছিল অভিষেকের স্ত্রী ঐশ্বর্য রাই তার বিপরীতে অভিনয় করবেন। কিন্তু ডেট সংকটের কারণে তিনি না করে দিলে কেন্দ্রীয় নারী চরিত্রের ক্ষেত্রে শূন্যতা সৃষ্টি হয়।

জানা গেছে, ক্রুকেডের জন্য ঐশ্বর্য যে ডেট বরাদ্দ করেছিলেন তা বিপুল শাহ-এর অ্যাকশন রিপ্লের সঙ্গে সাংঘর্ষিক হয়ে পড়ে। অ্যাকশন রিপ্লে বর্তমানে নির্মাণের শেষ পর্যায়ে রয়েছে তাই ফিল্মটির জন্য বরাদ্দকৃত সময় বাদ দিয়ে ঐশ্বর্য ক্রুকেডকে সময় দিতে পারবেন না। যেহেতু বিপুলের ফিল্মটিকে অগ্রাধিকার দিতে হবে তাই অভিনয় দেওল এর পরিচালনায় নির্মিতব্য ক্রুকেডকেই শেষ পর্যন্ত বিদায় দিতে হয়েছে ঐশ্বর্যকে। উল্লেখ্য, থ্রিলার চলচ্চিত্র ক্রুকেড ভারতের বাইরে কয়েকটি দেশে চলচ্চিত্রায়িত হবে।

এদিকে ফারহান আখতারের আরেকটি চলচ্চিত্রেরও নায়িকার অভাবে একই হাল। জয়া আখতার পরিচালিত চলচ্চিত্রটিতে তিন পুরুষ চরিত্রে আছেন হৃতিক রোশন, ফারহান আখতার এবং অভয় দেওল। এর শূটিং শুরু হবে ৫ এপ্রিল।

ফারহান বলেন, 'এখন আমরা ক্রুকেডের জন্য একেবারে নতুন মুখের সন্ধান করছি। আসলে এর জন্য তিনটি মেয়ে লাগবে। জয়ার ফিল্মের জন্য হৃতিকের বিপরীতে লন্ডন বা নিউইয়র্কের একটি মেয়ে লাগবে।'

তিনি আরও বলেন, 'হৃতিক আমার সত্যিকারের বন্ধু। আমি ডন থ্রির কাজ শুরু করব ২০১০-এর সেপ্টেম্বরে। তাই জয়ার ফিল্মটির কাজ এর আগে শেষ করতে হবে। হৃতিক সেরকম করে তার সময় পুনর্বিন্যাস করেছে।

শ্বেতা তিওয়ারীর তারকাসুলভ বাড়াবাড়ি

কমেডি সার্কাসের তৃতীয় মৌসুমে শ্বেতা তিওয়ারী সম্ভবত সবচেয়ে জনপ্রিয় প্রতিযোগী। তবে তিনিই শোয়ের কুশলী ও প্রতিযোগীদের কাছে সবচেয়ে অপ্রিয় মানুষ।

একজন অংশগ্রহণকারী বলেছে, 'সবসময় গোয়ার্তুমি করা, রিহার্সালে অংশ না নেয়া এবং কয়েক ঘণ্টা পর ফ্লোরে আসা তার অভ্যাসে পরিণত হয়েছে।' নাম প্রকাশে অনিচ্ছুক এই সূত্রটি বলেছে, 'শ্বেতা বরাবরই সেটে দেরি করে আসেন অথচ যৌক্তিক কারণে তাকে কয়েক মিনিট অপেক্ষা করতে বললে তিনি ভয়ানক রাগারাগি করেন। তিনি আমাদের সঙ্গে মেলামেশা করেন না এবং নিজে একা আলাদা থাকেন।'

আরেকটি সূত্র বলেছে, 'তিনি যখন ফোনে কথা বলেন তখন অন্যদের অপেক্ষা করতে হয়। আলাপ শেষ না করে তিনি কাজ ধরেন না। তার আচরণটা এমন যেন, আমাকে অন্যদের সঙ্গে মিলিও না, আমি শ্বেতা তিওয়ারী।'

'তার অংশের কাজ শেষ করার বিষয়টি তাকে বারবার মনে করিয়ে দিতে হয়। তিনি মুকুটহীন সম্রাজ্ঞীর মত আচরণ করেন। যদিও তিনি এত বড় মাপের তারকা নন। তিনিই যে শুধু কমেডি সার্কাসে এ কাজ করছেন তা নয়। বালিকা বধূর অনুপ সোনিও আছেন। এত বড় তারকা হয়েও তিনি সবার সঙ্গে ভাল আচরণ করেন।'

অনুপ সোনিকে এ বিষয়ে জিজ্ঞাসা করা হলে তিনি বলেন, 'শ্বেতা, রেহমান আর আমি টিমমেট, শূটিংয়ের ফাঁকে ফাঁকে আমাদের সম্পর্ক ঘনিষ্ঠ হচ্ছে। সুতরাং আমি এ বিষয়ে মন্তব্য করতে চাই না।'

রবার্ট ডিনিরো র‍্যাপ তারকা হতে চান

গ্যাঙস্টারের ভূমিকায় অভিনয় করেই রবার্ট ডিনিরো খ্যাতি, সম্মাননা, জনপ্রিয়তা সব পেয়েছেন। কিন্তু মাফিয়া

চরিত্রে তিনি টাইপকাস্ট হননি। যদিও এধরনের চরিত্রেই তাকে সবচেয়ে মানায়। ড্রামা, কমেডি, অ্যাকশন, থ্রিলার সব ধরনের ফিল্মে তিনি অভিনয় করে সাফল্য পেয়েছেন। এখন তিনি যদি একজন র‌্যাপ গায়ক হতে চান তাহলে কেমন হয়? হিপহপ তারকা ফিফটি সেন্টের সঙ্গে বন্ধুত্ব হওয়ার পর তিনি আসলেই তা হতে চাইছেন। গত বছর তিনি যখন রাইচ্যাস কিল ফিল্মের শূটিংয়ে অংশ নিচ্ছিলেন তখন ফিফটি সেন্টের সঙ্গে তার বন্ধুত্ব হয়। ২০০৮-এ মুক্তিপ্রাপ্ত চলচ্চিত্রটি অ্যাল পাচিনোর সঙ্গে ফিফটি সেন্টও একটি চরিত্রে অভিনয় করেছিলেন। রবার্ট ডিনিরো জানান, তাদের মাঝে এমন ঘনিষ্ঠতা হয় যে, দুয়েকটি গান রেকর্ড করলে মন্দ হয় না। তিনি বলেন, 'আমাদের মাঝে খুব আলাপ হয়েছে। যদি ভবিষ্যতে কোন যৌথ কাজ করি, তা র‌্যাপ গানও হতে পারে, তাতে বিস্ময়কর কিছু হবে না।' -গ্রন্থনা : মোহাম্মদ শাহ আলম

বলিউড শীর্ষ পাঁচ

১। আজাব প্রেম কি গাজাব কাহানি (রনবীর কাপুর, ক্যাটরিনা কাইফ, দরশন জবিওয়ালা) ২। তুম মিলে (এমরান হাশমী, সোহা আলী খান, শচীন খেদেকার) ৩। আও উইশ কারে (আফতাব শিবদাসানী, আমনা শরীফ, জনি লিভার, রতি অগ্নিহোত্রী) ৪। জেইল (নিল নিতিন মুকেশ, মনোজ বাজপায়ী, মুগ্ধা গডসে, আরিয়া বাব্বর) ৫। লন্ডন ড্রিমস (সালমান খান, অজয় দেবগন, আসিন, ওম পুরী, রন বিজয় সিং)

হলিউড শীর্ষ পাঁচ

১। টু থাউজেন্ড টুয়েল্ভ (জেন ক্যাস্যাক, ড্যানি গ্লোভার, অ্যামান্ডা পিট) ২। আ ক্রিসমাস ক্যারল (এনিমেশন; ভয়েস ওভার ঃ জিম ক্যারি, কেরি এলওয়েস, কলিন ফার্থ, গ্যারি ওল্ডম্যান) ৩। দ্য মেন হু স্টেয়ার অ্যাট গোটস (জর্জ ক্লুনি, জেফ ব্রিজেস, ইউয়ান ম্যাকগ্রেগর) ৪। প্রেশাস (গ্যাবর্নি সিডিবি, লেনি ক্র্যাভিটজ, পোলা প্যাটন, মারায়া ক্যারি, মোনিক) ৫। দিস ইজ ইট